



## বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়  
মতিবাল, ঢাকা-১০০০  
বাংলাদেশ

Website: [www.bb.org.bd](http://www.bb.org.bd)

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং-০৮

২৫ চৈত্র ১৪৩১

তারিখ : -----

০৮ এপ্রিল ২০২৫

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

### পুঁজিবাজারে বিনিয়োগের উদ্দেশ্যে বিশেষ তহবিল গঠন এবং বিনিয়োগের নীতিমালা প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ১০ ফেব্রুয়ারি ২০২০ তারিখে জারিকৃত ডিওএস সার্কুলার নং-০১ এর মাধ্যমে তফসিলি ব্যাংকসমূহ কর্তৃক পুঁজিবাজারে বিনিয়োগের উদ্দেশ্যে ২০০.০০ (দুইশত) কোটি টাকার বিশেষ তহবিল গঠন এবং উক্ত তহবিল হতে বিনিয়োগের বিষয়ে অনুসূরণীয় নীতিমালা প্রদান করা হয়। সূত্রোচ্চ সার্কুলারের মাধ্যমে এ তহবিলের মেয়াদ ফেব্রুয়ারি ২০২৫ পর্যন্ত নির্ধারিত হয়। তবে, ২৭ সেপ্টেম্বর ২০২১ তারিখের ডিওএস সার্কুলার লেটার নং-৩৯ অনুযায়ী এ তহবিলের আওতায় বেসরকারি উদ্যোগী কর্তৃক নবায়নযোগ্য জ্ঞালানি খাতে বিনিয়োগের উদ্দেশ্যে Special Purpose Vehicle (SPV) কর্তৃক ইস্যুকৃত গ্রীন সুরুক বলে বিনিয়োগের মেয়াদ ডিওএস সার্কুলার লেটার নং-৪০ এর মাধ্যমে ৩১ ডিসেম্বর ২০২৮ পর্যন্ত নির্ধারিত হয়। এক্ষণে, দেশের পুঁজিবাজারে বিরাজমান অস্থির অবস্থার প্রেক্ষাপটে পুঁজিবাজার সংশ্লিষ্ট বিভিন্ন অংশীজন ও বিনিয়োগকারী ব্যাংকসমূহের মতামত এবং বাংলাদেশ ব্যাংকের নিজস্ব পর্যালোচনায় পরিস্থিতি উন্নয়নে তথা আর্থিক খাতের সার্বিক স্থিতিশীলতার স্বার্থে বিশেষ তহবিলের মেয়াদ নিম্নোক্ত শর্তাবলীনে আগামী ৩১ ডিসেম্বর ২০২৬ পর্যন্ত বৃদ্ধি করার সিদ্ধান্ত গঠীত হয়েছে :

ক) বর্ধিত মেয়াদের মধ্যে বিশেষ তহবিলের বিনিয়োগ স্থিতি ক্রমান্বয়ে হাসকলে সংশ্লিষ্ট বিনিয়োগকারী ব্যাংক কর্তৃক ব্যাংকটির পরিচালনা পর্যন্ত অনুমোদিত একটি সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা এ সার্কুলার জারির ৩০(ত্রিশ) দিনের মধ্যে ডিপার্টমেন্ট অব অফসাইট সুপারভিশন (ডিভিশন-২) এ দাখিল করতে হবে;

খ) উক্ত কর্মপরিকল্পনা যথাসময়ে যথাযথভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে; এবং

গ) ৩১ ডিসেম্বর ২০২৬ তারিখে মেয়াদপূর্তীতে এ তহবিলের অবশিষ্ট বিনিয়োগ (যদি থাকে) ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ২৬ক ধারা অনুসারে Solo এবং Consolidated উভয় ভিত্তিতে পুঁজিবাজার বিনিয়োগ কোষের অন্তর্ভুক্ত হিসেবে বিবেচিত হবে এবং আবশ্যিকভাবে Total Investment in Capital Market (TICM) নামক পুঁজিবাজারে বিনিয়োগ সংক্রান্ত বিবরণীতে রিপোর্ট করতে হবে।

০২। বর্ধিত মেয়াদের সাথে সামঞ্জস্য বিধানকল্পে ডিওএস সার্কুলার নং-০১/২০২০ এর কতিপয় নির্দেশনার বিষয়ে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে :

ক) বাংলাদেশ ব্যাংক হতে রেপো সুবিধার মাধ্যমে অর্থ সংগ্রহের ক্ষেত্রে উক্ত সার্কুলারের ১(গ) নং অনুচ্ছেদে বর্ণিত সময়সীমা ১৩ জানুয়ারী ২০২৫ এর স্থলে ৩০ সেপ্টেম্বর ২০২৬ হবে;

খ) বাংলাদেশ ব্যাংক হতে গৃহীত রেপো সুবিধা পুনঃনবায়নের ক্ষেত্রে উক্ত সার্কুলারের ১(গ) নং অনুচ্ছেদে বর্ণিত সময়সীমা ০৯ ফেব্রুয়ারি ২০২৫ এর স্থলে ৩০ সেপ্টেম্বর ২০২৬ হবে;

গ) বিশেষ তহবিলের আওতায় গঠিত ব্যাংকের নিজস্ব পোর্টফোলিওর বাজার ভিত্তিক পুনঃমূল্যায়নের ক্ষেত্রে উক্ত সার্কুলারের ১(চ)(২)(i) নং অনুচ্ছেদে বর্ণিত সময়সীমা ফেব্রুয়ারি ২০২৫ এর স্থলে ৩১ ডিসেম্বর ২০২৬ হবে;

ঘ) উক্ত সার্কুলারের ১(চ)(২)(ii) নং অনুচ্ছেদে বর্ণিত বিশেষ তহবিলের আওতায় ব্যাংকের সাবসিডিয়ারী কোম্পানীর নিজস্ব পোর্টফোলিও গঠনের উদ্দেশ্যে প্রদানকৃত চলমান ও আবর্তনশীল খণ্ড সীমার সর্বোচ্চ মেয়াদ ০৯ ফেব্রুয়ারি ২০২৫ এর স্থলে ৩০ নভেম্বর ২০২৬ এবং উক্ত পোর্টফোলিওর বাজার ভিত্তিক পুনঃমূল্যায়ন সংক্রান্ত সময়সীমা ফেব্রুয়ারি ২০২৫ এর স্থলে ৩১ ডিসেম্বর ২০২৬ হবে;

ঙ) উক্ত সার্কুলারের ১(চ)(২)(iii) নং অনুচ্ছেদে বর্ণিত পুঁজিবাজার সংশ্লিষ্ট অন্যান্য প্রতিষ্ঠানসমূহকে বিশেষ তহবিলের আওতায় নিজস্ব পোর্টফোলিও গঠনের উদ্দেশ্যে প্রদানকৃত চলমান ও আবর্তনশীল খণ্ড সীমার সর্বোচ্চ মেয়াদ ০৯ ফেব্রুয়ারি ২০২৫ এর স্থলে ৩০ নভেম্বর ২০২৬ এবং উক্ত পোর্টফোলিওর বাজার ভিত্তিক পুনঃমূল্যায়ন সংক্রান্ত সময়সীমা ফেব্রুয়ারি ২০২৫ এর স্থলে ৩১ ডিসেম্বর ২০২৬ হবে।

০৩। এ নির্দেশনা ডিওএস সার্কুলার নং-০১/২০২০ অনুযায়ী বিশেষ তহবিলের মেয়াদপূর্তীর সময় হতে কার্যকর হিসেবে গণ্য হবে। এছাড়া, ডিওএস সার্কুলার নং-০১/২০২০, ডিওএস সার্কুলার লেটার নং-২৭/২০২০, ডিওএস সার্কুলার লেটার নং-৩৫/২০২১, ডিওএস সার্কুলার লেটার নং-৩৯/২০২১ ও ডিওএস সার্কুলার লেটার নং-৪০/২০২১ এর অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

০৪। এ প্রসঙ্গে জারিকৃত প্রজ্ঞাপনটির অনুলিপি সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য এতদ্সঙ্গে যুক্ত করা হলো।

আপনাদের বিশ্বাস,

(আ.ন.ম. মস্তনুল করীম)

পরিচালক (ডিওএস)

ফোনঃ ৯৫৩০৩১৪

## বাংলাদেশ ব্যাংক

### প্রজ্ঞাপন

২৫ চৈত্র ১৪৩১

নং-ডিওএস(আরএমএমসিএমএস)১১৫৪/১৬১/২০২৫-২১০১

তারিখ : -----

০৮ এপ্রিল ২০২৫

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ (১৯৯১ সনের ১৪ নং আইন) এর ১২১ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে ১০ ফেব্রুয়ারি ২০২০ তারিখে জারিকৃত ডিওএস(আরএমএমসিএমএস)১১৫৪/১৬১/২০২০-৫৪৫ নং প্রজ্ঞাপনের অনুবৃত্তিক্রমে বিশেষ তহবিলের আওতায় বাংলাদেশ ব্যাংক নির্দেশিত পছায় তফসিলি ব্যাংক কর্তৃক পুঁজিবাজারে বিনিয়োগ আগামী ৩১ ডিসেম্বর ২০২৬ তারিখ পর্যন্ত ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ (২০২৩ পর্যন্ত সংশোধিত) এর ২৬ক ধারা এবং একই আইনের ৩৮ ধারার প্রথম তফসিলভুক্ত আর্থিক বিবরণী প্রস্তুতির নির্দেশনার ৪(খ)নং ত্রুটিকের আওতা বহির্ভুত রাখার সিদ্ধান্ত গৃহীত হইল।



(মোঃ জাকির হোসেন চৌধুরী)

ডেপুটি গভর্নর